গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অধ্যক্ষের কার্যালয়**

# সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ

ওয়েব সাইট: **www.debendracollege.gov.bd**

**স্মারক নং- সদেক/২০২৩/প্রশা: এন-২/** **তারিখ:** ৩০/০১/২০২৩

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (সময়বৃদ্ধি সংক্রান্ত)

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক সরকারি দেবেন্দ্র কলেজে একাদশ শ্রেণিতে চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম আগামী ৩১/০১/২০২৩ তারিখ দুপুর ২:০০ টা পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লেখ্য ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হবে।

১। ভর্তি ফি:

| মানবিক/ব্যবসায় শিক্ষা শাখা | |
|---|---|
| ছাত্র | ২,৪৯৫/- |
| ছাত্রী | ২,২৫৫/- |

| বিজ্ঞান শাখা | |
|---|---|
| ছাত্র | ২,৫৯৫/- |
| ছাত্রী | ২,৩৫৫/- |

পাঠ বিরতি থাকলে অতিরিক্ত ১৫০/-(একশত পঞ্চাশ টাকা) উক্ত টাকার সাথে যোগ হবে।

২। ক) **শিক্ষা কোটা (EQ) :** শুধুমাত্র শিক্ষা (EQ) কোটায় ভর্তির ক্ষেত্রে আগামী ৩১/০১/২০২৩ তারিখ (সকাল ১১.০০টা থেকে দুপুর ১:০০ টা) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল পূর্বক কলেজের ফরম পূরণ করে নগদ/ বিকাশে টাকা জমা প্রদান করার অনুমোদন নিতে হবে। শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থায় **ঢাকা বিভাগ/ মানিকগঞ্জ জেলায়** কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে দপ্তর প্রধানের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

খ) **মুক্তিযোদ্ধা কোটা (FQ):** শুধুমাত্র মুক্তিযোদ্ধা (FQ) কোটায় ভর্তির ক্ষেত্রে আগামী ৩১/০১/২০২৩ তারিখ (সকাল ১১.০০টা থেকে ১.০০ টা পর্যন্ত) শিক্ষার্থীদের স্বশরীরে কলেজে উপস্থিত হয়ে নিম্নলিখিত কাগজ দাখিলপূর্বক কলেজের **ভর্তি ফরম পূরণ করে** ডাউনলোড করার অনুমতি নিতে হবে।

**মুক্তিযোদ্ধা (FQ) কোটায় সুবিধাপ্রাপ্ত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে;**

(i) এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, (ii) মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার গেজেট কপি, সনদের মূল কপি ও ফটোকপি, (iii) মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি'র সনদপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে), (iv) মুক্তিযোদ্ধা দাদা হলে শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (v) মুক্তিযোদ্ধা নানা হলে শিক্ষার্থীর মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি সনদের ফটোকপি বা এসএসসি (পাস) না হলে অনলাইন জন্ম নিবন্ধনের কপি (প্রযোজ্য ক্ষেত্রে), (vi) অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অর্ন্তভুক্ত রয়েছে তার কপি। (vii) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের অনলাইন কপি। (viii) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন মুক্তিযোদ্ধা কমান্ডার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র।

৩। **অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-**

- সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট **http://debendracollege.eshiksabd.com/** **এ গিয়ে নিম্নোক্ত User Name ID ও Password দিয়ে ক্লিক করতে হবে।**
- **User Name: debendrastudent**
- **Password: debendrastudent** দিয়ে **Sign In** করতে হবে।
- **Sign In** করা পেইজে **Admission** বাটন ক্লিক করলে **Click for New Admission** বাটন আসবে।
- **Click for New Admission** বাটন ক্লিক করতে হবে।
- **Select Group, Select Department** এবং **Enter SSC Roll Number (6 Digit)** ঘরগুলো পূর্ণ করে **Check for Admission** বাটনে **Click** করলে ভর্তি ফরম **open** হবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করতে হবে।
- গুচ্ছ থেকে **Elective Subjects & 4th Subjects**নির্বাচন করে **Add Subjects** এ **Click**করে হবে (বিষয়গুচ্ছ এই বিজ্ঞপ্তির শেষে দেয়া আছে)।
- ৭টি বিষয় নির্বাচন করা সম্পন্ন হলে **Save** বাটন ক্লিক করলে টাকার পরিমাণসহ ভর্তি ফরম আসবে।
- বিকাশ বা নগদের মাধ্যমে ভর্তি ফি প্রদান করলে ক্লাশ রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর অভিভাবকের মোবাইলে আসবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

**ভর্তি ফরমে অবশ্যই সদ্য তোলা রঙ্গিন ছবি আপলোড করতে হবে।**

৪। **ভর্তি ফি প্রদান:** **SSC Roll Number (6 Digit)** দিয়ে **বিকাশ (bKash)/ নগদ (Nagad)** এর যেকোন একটি থেকে ভর্তি ফি প্রদান করতে হবে। বিকাশ/নগদে **ভর্তি ফি প্রদানের বিস্তারিত নিয়মাবলী কলেজ ওয়েব সাইটে পাওয়া যাবে।** ভর্তি ফি

প্রদানের পর ভর্তি ফরমে প্রদানকৃত অভিভাবকের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে ১৩ ডিজিটের ক্লাশ রোল প্রদান করা হবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। নির্ধারিত তারিখ ৩১/০১/২০২৩ দুপুর ২:০০ টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র একাদশ শ্রেণির ভর্তি কমিটির নিকট**(রসায়ন বিভাগের সম্মুখস্ত বারান্দা)** অবশ্যই জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সমাপ্ত করতে হবে।

**৫। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ফি(অনলাইনে ফরম পূরণ করার পর) প্রদান পূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

৬। অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ডাউনলোডকৃত ফরমের নির্ধারিত জায়গায় শিক্ষার্থীর স্বাক্ষরযুক্ত ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে বোর্ড নিধারিত তারিখের (২২/০১/২০২৩ থেকে ৩১/০১/২০২৩) মধ্যে একাদশ ভর্তি কমিটির নিকট **(রসায়ন বিভাগের সম্মুখস্ত বারান্দা)** জমা দিতে হবে:

ক) এস এস সি পাশের নম্বরপত্রের মূলকপি/ মূলকপি না পেয়ে থাকলে অনলাইন কপি

খ) এস এস সির রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্রের ফটোকপি (০১ কপি করে)

গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (০২ কপি)

৭। একাডেমিক ট্রান্সক্রিপ্ট ভর্তির সময় জমা না দিয়ে থাকলে পরবর্তিতে চাহিবামাত্র এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র জমা দিতে হবে।

৮। ডাউনলোডকৃত ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার সময় ১২০/-(একশত বিশ টাকা) রসিদের মাধ্যমে জমা দিয়ে **"একাডেমিক ক্যালেন্ডার ও কোর্স প্লান"** সংগ্রহ করতে হবে।

৯। **"বিষয়গুচ্ছ"**

| বিভাগ | আবশ্যিক বিষয় (বাধ্যতামূলক) | নির্বাচিত বিষয় (বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য যে কোন ১টি এবং মানবিক শাখার জন্য যে কোন ৩টি) | চতুর্থ বিষয় (যে কোন ১টি) |
|---|---|---|---|
| **বিজ্ঞান** | বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), পদার্থ (১৭৪, ১৭৫), রসায়ন (১৭৬, ১৭৭), আইসিটি (২৭৫) | উচ্চতর গণিত (২৬৫, ২৬৬)<br>জীববিদ্যা (১৭৮, ১৭৯) | জীববিদ্যা (১৭৮, ১৭৯)<br>উচ্চতর গণিত (২৬৫, ২৬৬) |
| **ব্যবসায় শিক্ষা** | বাংলা (১০১, ১০২), ইংরেজি (১০৭, ১০৮), হিসাববিজ্ঞান (২৫৩, ২৫৪), ব্যবসায় সংগঠন (২৭৭, ২৭৮), আইসিটি (২৭৫) | উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭)<br>ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২৯২, ২৯৩) | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (২৯২, ২৯৩)<br>উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (২৮৬, ২৮৭) |
| **মানবিক** | বাংলা (১০১, ১০২)<br>ইংরেজি (১০৭, ১০৮)<br>আইসিটি (২৭৫) | পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০),<br>অর্থনীতি (১০৯, ১১০),<br>যুক্তিবিদ্যা (১২১, ১২২),<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭, ২৬৮)/ ইতিহাস (৩০৪, ৩০৫) | পৌরনীতি ও সুশাসন (২৬৯, ২৭০),<br>অর্থনীতি (১০৯, ১১০),<br>যুক্তিবিদ্যা (১২১, ১২২),<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭, ২৬৮)/ ইতিহাস (৩০৪, ৩০৫)<br>ইসলাম শিক্ষা (২৪৯, ২৫০) |

(বিশেষ দ্রষ্টব্য:

ক. যে বিষয়টি শাখাভিত্তিক আবশ্যিক বিষয় হিসেবে নির্বাচন করা হবে, ঐ বিষয়টি ঐচ্ছিক বিষয় হিসেবে নির্বাচন করা যাবে না।

খ. 'ইসলামের ইতিহাস ও সংস্কৃতি' এবং 'ইতিহাস' বিষয় দুটির মধ্যে যেকোনো একটি নির্বাচন করতে হবে।)

১০। ক্লাশ শুরু ১/২/২০২৩ খ্রি.। ক্লাশে প্রথম দিন থেকেই ইউনিফর্ম পরিহিত অবস্থায় আসতে হবে। এ বছর থেকে কলেজের ইউনিফর্ম এর ছেলেদের শার্ট এবং মেয়েদের কামিজের রঙ পরিবর্তন হবে। ড্রেস সম্পর্কিত বিষয় একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও কোর্স প্লানে বিস্তারিত বলা আছে।

১১। ক্লাশ শুরু হওয়ার দিন থেকে শ্রেণি রোল অনুসারে কলেজের আইসিটি বিভাগে উপস্থিত হয়ে (**Finger Print / Face ID**) এর মাধ্যমে বায়োমেট্রিক রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, পরবর্তীতে এই **Finger Print / Face ID** এর মাধ্যমে ছাত্র হাজিরা গ্রহণ করা হবে। **Finger Print / Face ID** এর ডাটা এন্ট্রির সময় সূচী পরবর্তিতে কলেজ ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে।

১২। সরকারি দেবেন্দ্র কলেজে ভর্তি সংক্রান্ত সকল তথ্য কলেজ ওয়েব সাইটে (www.debendracollege.gov.bd) পাওয়া যাবে।

প্রতিস্বাক্ষর:

30|1|2023

(প্রফেসর ড. মো: রেজাউল করিম)
আইডি নং-২৫৩০
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ

30.1.23

(শিউলী ইয়াসমীন)
সহযোগী অধ্যাপক (বাংলা বিভাগ)
ও
আহবায়ক
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি-২০২৩
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ